দৈনিক সংবাদ

১৫১

তারিখ ... MAR. 09 2000
পৃষ্ঠা ৭ কলাম ৭

এসএসসি পরীক্ষা

# সাধারণ বিজ্ঞান প্রশ্নপত্রে ভুল

নিজস্ব বার্তা পরিবেশক ঃ এসএসসি পরীক্ষার ৬ষ্ঠ দিনে গতকাল বুধবার সাধারণ বিজ্ঞান পরীক্ষার প্রশ্নপত্রে দুদুটি ভুলের শিকার হয়েছে ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষার্থীরা। এ নিয়ে পরীক্ষার্থীরা দারুণ চিন্তিত।

সাধারণ বিজ্ঞানের নৈর্ব্যক্তিক প্রশ্নপত্রে প্রশ্নের সিরিয়ালে ২৩ নম্বরটি উধাও হয়ে গেছে এবং ২৬ নম্বরটি পর পর দুবার ছাপ হয়েছে। অন্যদিকে উত্তরপত্রে সিরিয়াল ঠিকই রয়েছে।

পরীক্ষার হলে ছাত্রছাত্রীরা এ বিষয়ে পরিদর্শক-শিক্ষকদের দৃষ্টি আকর্ষণ করলে তারা কোন সিদ্ধান্ত দিতে পারেননি।

ঢাকা মহানগরের একটি পরীক্ষা কেন্দ্রের দায়িত্বশীল কর্মকর্তা 'সংবাদ'-কে বলেন, কোন ভুলের সংশোধনী দেয়ার ক্ষমতা তাদের নেই। ওই ক্ষমতা কেবল বোর্ডেরই।

এ প্রসঙ্গে ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক আতাউর রহমান 'সংবাদ'কে বলেন, এ ভুলের দায় ছাত্রছাত্রীদের ওপর বর্তাবে না। এতে ছাত্রছাত্রীরা কোন রকম ক্ষতিগ্রস্তও হবে না।